

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
www.emrd.gov.bd

নং-২৮.০০.০০০০.০২০.২৫.২৬৭.১৫(অংশ). ৩৪৫

তারিখ : ৩০ মার্চ ১৪২৪
১২ ফেব্রুয়ারি ২০১৮

প্রাপক,

প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : মালয়েশিয়া সফরের অনুমতি।

মহোদয়,

Training & Technology Transfer (TTT) কর্তৃক আয়োজিত মালয়েশিয়ার University Tenga National (UNITEN) এ অনুষ্ঠেয় “Liquefied Petroleum Gas (LPG) & Flammable Liquids Storage, Transportation, Usages, Safety & Technology” শীর্ষক প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য নিম্নবর্ণিত ০৬ (ছয়) কর্মকর্তাকে আগামী ১৯-২৮ মার্চ ২০১৮ তারিখ পর্যন্ত অথবা প্রকৃত যাত্রার তারিখ হতে ১০ (দশ) দিন (যাতায়াত সময় ব্যতীত) মালয়েশিয়া সফরের সরকারি অনুমোদন জ্ঞাপন করা হলো :-

ক্রঃ নং	কর্মকর্তার নাম ও পদবি	সংস্থা
(১)	জনাব মোঃ আব্দুল হান্নান, সহকারী বিস্ফোরক পরিদর্শক	বিস্ফোরক পরিদপ্তর
(২)	বেগম মনিরা ইয়াসমিন, সহকারী বিস্ফোরক পরিদর্শক	বিস্ফোরক পরিদপ্তর
(৩)	ড. মোঃ আসাদুল ইসলাম, সহকারী বিস্ফোরক পরিদর্শক	বিস্ফোরক পরিদপ্তর
(৪)	জনাব মোঃ আব্দুর রব, সহকারী বিস্ফোরক পরিদর্শক	বিস্ফোরক পরিদপ্তর
(৫)	জনাব মোঃ মোস্তফা ফারুক, কারিগরি সহকারী	বিস্ফোরক পরিদপ্তর
(৬)	জনাব বিনয় কুমার মন্ডল, কারিগরি সহকারী	বিস্ফোরক পরিদপ্তর

২। এ সফরের শর্তাবলি নিম্নরূপ :-

- তাদের যাতায়াতসহ সফরের সম্পূর্ণ সময় কর্মকাল (on duty) হিসেবে গণ্য হবে;
- অনুমোদিত বিদেশে অবস্থানের মেয়াদ বাড়ানো যাবে না;
- বর্ণিত সফরকালীন তাদের বেতন ভাতাদি বাংলাদেশী মুদ্রায় প্রদেয় হবে;
- আলোচ্য প্রশিক্ষণে অংশগ্রহণের যাবতীয় ব্যয় বিস্ফোরক পরিদপ্তরের রাজস্ব বাজেটের কোড নং ৪৮৪০ (প্রশিক্ষণ ব্যয়) থেকে নির্বাহ করা হবে; এবং
- সফর শেষে কাজে যোগদানের ০৭ (সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে এ বিষয়ে একটি প্রতিবেদন এ বিভাগে দাখিল করতে হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

আপনার বিশ্বস্ত,
স্বাক্ষর
(মোহাম্মদ কামরুজ্জামান)
উপসচিব
ফোন : ৯৫১৪১৬৫।

নং-২৮.০০.০০০০.০২০.২৫.২৬৭.১৫(অংশ). ৩৪৫

তারিখ : ৩০ মার্চ ১৪২৪
১২ ফেব্রুয়ারি ২০১৮

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা [দৃষ্টি আকর্ষণ : (মহা-পরিচালক) কনসুলার সেকশন; প্রয়োজনীয় নোট ভারবাল জারির অনুরোধসহ]।
- ২। মহা-পরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৩। মান্যবর হাইকমিশনার, মালয়েশিয়ান হাইকমিশন, ঢাকা।
- ৪। মান্যবর হাইকমিশনার, বাংলাদেশ হাইকমিশন, কুয়ালালামপুর, মালয়েশিয়া।
- ৫। সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ৬। প্রধান বিস্ফোরক পরিদর্শক, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৮। হিসাবরক্ষণ কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ৯। জনাব/বেগম-----
- ১০। প্রোগ্রামার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (জিও টি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। অফিস কপি।

স্বাক্ষর
(মোহাম্মদ কামরুজ্জামান)
উপসচিব